গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd
[কাস্টমস ও ভ্যাট প্রশাসন-১ শাখা]

নথি নম্বর: ০৮.০১.০০০০.০০০.০১১.০৪.০০০২.২৫-

তারিখ: ০৭ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ / ২২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি:

**বিষয়: উপসচিব পদে পদোন্নতি বিবেচনার জন্য বিসিএস (প্রশাসন) ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাগণের নামের তালিকা প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: (১) জনপ্রশাসন মন্ত্রণালয় এর স্মারক নং-০৫.০০.০০০০.০০০.১৩০.১২.০১০০.২৬.১০১৫, তারিখ: ০৯/০৯/২০২৬।
(২) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং-০৮.০০.০০০০.০০০.০৩৮.১২.০০০৪.১৯.১৫৩, তারিখ: ২০/০৯/২০২৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রীয় ১নং পত্রের মাধ্যমে উপসচিব পদে পদোন্নতির যোগ্য বিসিএস (কাস্টমস অ্যান্ড এক্সাইজ) ক্যাডারের ৩৩তম ব্যাচ পর্যন্ত আগ্রহী যে সকল কর্মকর্তার চাকরি অন্যূন ১০ (দশ) বছর এবং সিনিয়র স্কেল পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে তাঁদের মধ্যে মেধা, দক্ষতা ও জ্যেষ্ঠতার ক্রমানুসারে প্রথম ১০ (দশ) জনের নামের তালিকা (সফট কপিসহ) আগামী ১৫ অক্টোবর, ২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, বরাবর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)। সে প্রেক্ষিতে সূত্রীয় ২নং পত্রের মাধ্যমে জ্যেষ্ঠতার ভিত্তিতে ১০ (দশ) জন কর্মকর্তার নামের তালিকা সংযুক্ত 'ছক' মোতাবেক আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশে সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হয় (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, উপসচিব পদে পদোন্নতির জন্য বিসিএস (কাস্টমস অ্যান্ড এক্সাইজ) ক্যাডারের আগ্রহী/যোগ্য কর্মকর্তাদের নামের তালিকা হার্ড কপি ও সফট কপি (নিকষ ফন্টে nbrcus.vat1@gmail.com ই-মেইল) আগামী ২৭/০৯/২০২৬ খ্রি: তারিখের মধ্যে দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-১), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি জরুরী বিবেচ্য।


(মোহাম্মদ আবুল মনসুর)
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-১)
(সিনিয়র সহকারী সচিব)
ফোন: ০২২২২২১৭৭৮১
ইমেইল: nbrcus.vat1@gmail.com


নথি নম্বর: ০৮.০১.০০০০.০০০.০১১.০৪.০০০২.২৫ - ৬৫৬

তারিখ: ০৭ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ / ২২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি:

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি/কাস্টমস ও ভ্যাট প্রশাসন/কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য/কাস্টমস রপ্তানি, বন্ড ও আইটি/মূসক নীতি/মূসক নিরীক্ষা/মূসক বাস্তবায়ন ও আইটি/বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
০৩। স্থায়ী প্রতিনিধি, ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন, ব্রাসেলস, বেলজিয়াম।
০৪। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি, ঢাকা/পানগাঁও/ভোমরা, সাতক্ষীরা/আইসিডি, চট্টগ্রাম।
০৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ভ্যাট ও কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/যশোর/রংপুর/কুমিল্লা/কক্সবাজার/গাজীপুর/নারায়ণগঞ্জ/বরিশাল/ময়মনসিংহ/ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
০৬। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ), ঢাকা/চট্টগ্রাম।
০৭। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
০৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
০৯। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১০। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।


(মোহাম্মদ আবুল মনসুর)
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-১)
(সিনিয়র সহকারী সচিব)




CamScanner